# বাবুগঞ্জ উপজেলার নভেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : কাজী ইমদাদুল হক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাবুগঞ্জ, বরিশাল।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাবুগঞ্জ, বরিশাল।
তারিখ : ১০/১১/২০২২ খ্রিঃ ; সময় ঃ ১০:৩০ মিনিট।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।**

উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সম্মানিত সভাপতির পরামর্শক্রমে সভার কার্যক্রম শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার জন্য সদস্যবৃন্দকে অনুরোধ করা হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল এর দৃষ্টি আকর্ষণপূর্বক সভাপতি গত সভার প্রকৌশল বিভাগের "খ" অনুচ্ছেদের সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি কাজের মেরামত/সংস্কার কাজের প্রাক্কলন প্রস্তুত হয়েছে কিনা সে বিষয়ে জানতে চান। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ সভাকে জানান এ বিষয়ে কার্যক্রম চলমান আছে। আগামী সভায় এ বিষয়ে প্রাক্কলনসহ বিস্তারিত প্রতিবেদন দাখিল করা হবে। | এ বিষয়ে আগামী সভায় প্রাক্কলনসহ বিস্তারিত প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল। |
| | (খ) সভায় গত সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, বাবুগঞ্জ বরাবর উপজেলা পরিষদের পুরাতন ভবনের দোতালায় ০২ টি কক্ষ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত কক্ষ ০২ টির ভাড়া নির্ধারন ও ইতিপূর্বে সোনালী ব্যাংক, খানপুরা শাখা, বরিশালকে উপজেলা পরিষদ হতে বরাদ্দকৃত ভবনের ভাড়া পুন: নির্ধারনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (খ) এ বিষয়ে ভাড়া নির্ধারন করে আগামী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) সভায় জনাব আঃ করিম হাওলাদার, বীর মুক্তিযোদ্ধা(সাবেক ডেপুটি কমান্ডার), বাবুগঞ্জ, বরিশাল কর্তৃক দাখিলকৃত চাঁদপাশা ইউনিয়নের চাঁদপাশা গ্রামের বীরমুক্তিযোদ্ধা মোঃ ফজলুল করিম হাওলাদার, পিতা- মৃত মোঃ এছাহাক আলী হাওলাদার, সাং চাঁদপাশা এর নামে রহমতপুর ইউনিয়নের আলী মিয়ার ইটের ভাটা হতে চাঁদপাশা ইউনিয়নের আঃ সালাম মোল্লার বাড়ী পর্যন্ত রাস্তার নামকরন করার দরখাস্ত উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | (গ) বীরমুক্তিযোদ্ধা মোঃ ফজলুল করিম হাওলাদার এর নামে রহমতপুর ইউনিয়নের আলী মিয়ার ইটের ভাটা হতে চাঁদপাশা ইউনিয়নের আঃ সালাম মোল্লার বাড়ী পর্যন্ত রাস্তার নামকরন করার করার বিষয়ে স্থানীয় সরকার বিভাগ বরাবর সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঘ) চেয়ারম্যান, ৩ নং দেহেরগতি ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ,বরিশাল জনাব মোঃ মশিউর রহমান সভাকে জানান যে, ইদানিং বীর মুক্তিযোদ্ধাদের নামে রাস্তা নামকরণের আবেদন সরাসরি উপজেলা পরিষদের নিকট দাখিল করা হয়। যা বিধিসম্মত নয়। | (ঘ)বীর মুক্তিযোদ্ধাদের নামে রাস্তা নামকরণের আবেদন সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের মাধ্যমে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয় | |

CamScanner

<table>
<tr>
<td></td>
<td>(ঙ) তিনি সভায় আরো জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি/রাজস্ব খাতের বরাদ্দকৃত টাকা হতে নিম্মবর্ণিত প্রকল্পগুলো বাস্তবায়ন করা যেতে পারে।
<table>
<tr><th>ক্রমিক নম্বর</th><th>কাজের নাম</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>১</td><td>আগরপুর ইউপি অফিসের সংলগ্ন ব্রীজের এপ্রোজ ঢালাই করণ</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>মাধবপাশা ইউনিয়নের দুলাল ঢালীর বাড়ীর সামনের রাস্তা সলিংকরণ</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>বাবুগঞ্জ উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নোটিশ বোর্ড তৈরীকরণ।</td><td>২,০০,০০০/-</td></tr>
</table>
</td>
<td>প্রকল্পগুলো সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল</td>
</tr>
<tr>
<td></td>
<td>(চ) তিনি আরো জানান যে, উপজেলার বিভিন্ন ইউনিয়নে আইডি বিহীন ২৩৪ টি রাস্তা সরেজমিনে পরিদর্শনপূর্বক তালিকা প্রস্তুত করা হয়েছে। উক্ত তালিকা পরিশিষ্ট " ক" সংযোজন করা হয়েছে।</td>
<td>সভায় ২৩৪ টি আইডি বিহীন রাস্তার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তালিকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল</td>
</tr>
<tr>
<td>স্বাস্থ্য বিভাগ</td>
<td>জনাব সুবাস সরকার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত টিকাদান কেন্দ্রে কোভিড-১৯ এর ২য় বুষ্টার ডোজ টিকাদান কার্যক্রম সফলভাবে চলছে। সারা দেশের ন্যায় এ উপজেলায়ও সরকারি ঘোষনা মোতাবেক ০৫-১১ বছর বয়সী শিশুদের কোভিড-১৯ টিকাদান কার্যক্রম শুরু হয়েছে। প্রতিটি সাবেক ওয়ার্ডে ১২ দিন এবং প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ দিন করে মোট ২২৩ টি শিক্ষা প্রতিষ্ঠানে টিকা প্রদান করা হচ্ছে। উক্ত ক্যাম্পেইনের লক্ষমাত্রা ১৮২৫২। ইতিমধ্যে লক্ষমাত্রায় ৮৫% অর্জিত হয়েছে। সকলের সার্বিক সহযোগিতায় নির্ধারিত সময়ে লক্ষমাত্রা অর্জনের প্রত্যয় ব্যক্ত করেন। এছাড়া দীর্ঘ ৭ বছর পর বাবুগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এক্স-রে বিভাগ চালু করা হয়েছে। বিগত দিনে মেডিকেল টেকনোলিস্ট (রেডিও) পদায়ন না থাকায় এবং এক্স-রে মেশিন বিকল থাকায় এক্স-রে বিভাগ চালু করা সম্ভব হয়নি। স্থানীয় কর্তৃপক্ষের প্রচেষ্টায় এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের সদিচ্ছায় মেডিকেল টেকনোলিস্ট (রেডিও) পদায়ন করা হয়েছে এবং সম্পূর্ন নতুন ৩০০ এম এ এক্স-রে মেশিন স্থাপন করা হয়েছে। বর্তমানে নিয়মিতভাবে আগত রোগীদের এক্স-রে বিভাগে পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে। এ উপজেলার জনগনকে উন্নত স্বাস্থ্য সেবা প্রদানের উদ্দেশ্যে রোগী পরিবহনের জন্য স্থানীয় কর্তৃপক্ষের প্রচেষ্টায় এবঙ উর্দ্ধতন কর্তৃপক্ষের সদিচ্ছায় বিগত ১৮/১০/২২ খ্রি. তারিখে উপজেলা হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা হতে স্বাস্থ্য কমপ্লেক্সে</td>
<td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল</td>
</tr>
</table>

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | আধুনিক সুযোগ সুবিধা সমৃদ্ধি একখানা টয়োটা হাইয়েস এ্যাম্বুলেন্স সরবরাহ করা হয়েছে।<br>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত করোনা ভাইরাসের নমুনা সংগ্রহ করা হয় এবং স্বাস্থ্য কমপ্লেক্সের র‌্যাপিড এন্টিজেন পরীক্ষা করা হয়। বর্তমানে কোভিড-১৯ সংক্রামন কমে আসায় সরকার সকল বিধি-নিষেধ প্রত্যাহার করেছেন। সুতরাং করোনা মোবাবেলায় আমাদেরকে অবশ্যেই মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। | | |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, উপজেলার কৃষি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি আমন মৌসুমে ৯৬০০ হেক্টর জমিতে আমন ধান আবাদ হয়েছে । এছাড়াও তেল ফসলের আবাদ বৃদ্ধির পরিকল্পনা হিসেবে আগামী রবি মৌসুমে ৩৮৫ হেক্টর জমিতে সরিষা, ৪০ হেক্টর জমিতে সুর্যামুখী, ৩০ হেক্টর জমিতে চিনাবাদাম, ১৫ হেক্টর জমিতে সয়াবিন এবং ২৫ হেক্টর জমিতে তিল আবাদের পরিকল্পনা রয়েছে এবং ইতোমধ্যে এর কার্যক্রম শুরু হয়েছে। কৌশল হিসেবে আমন ক্ষেতে রিলে ফসল হিসেবে সরিষার আবাদ করা হবে। আবহাওয়ার পরিস্থিতি স্বাভাবিক থাকলে কাঙ্খিত আমন ধান আবাদের লক্ষ্যমাত্রা পূরণ হবে এবং বিগত বছরের তুলনায় ধান ও শাকসবজির আবাদ ও উৎপাদন বৃদ্ধি পাবে। এছাড়া চলতি রবি মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায়গম ৩৫০ জন, ভুট্টা-১০০ জন, সূর্যমুখী-১৪০ জন, চিনাবাদাম-৭০ জন, সয়াবিন-১৫০ জন, মুগ-১৫০০ জন, মসুর-৬০ জন এবং খেসারি-১৫০ জন সর্বমোট-৩৭২০ জন চাষীর মধ্যে বিনামূল্যে বীজ ও সার প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। জনাব মোঃ মশিউর রহমান, চেয়ারম্যান, দেহেরগতি ইউনিয়ন পরিষদ কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণপূর্বক কৃষি উপকরণ প্রনদনা কিভাবে বন্টন করা হয় সে বিষয়ে জানতে চান। এ বিষয়ে কৃষি অফিসার জানান যে, এ উপজেলায় সকল ইউনিয়নে জনসংখ্যা অনুযায়ী বন্টন করা হয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও ফরেস্টার,বাবুগঞ্জ বরিশাল |
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ সভাকে অবহিত করেন যে, এ উপজেলার প্রাণি সম্পদ বিভাগের চিকিৎসা, কৃত্রিম প্রজননসহ সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি মাসে বাবুগঞ্জ উপজেলায় ৮১৮ টি গরু ৪৯৮ টি ছাগলকে টিকা প্রদান করা হয়েছে। এছাড়া ৫৩৫০০ টি হাঁস মুরগিকে টিকা প্রদান করা হয়েছে। উপজেলায় মোট ২৫৭৬ টি গবাদি পশুকে ও ১৩৬৫০ টি হাঁসমুরগিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। ২৩১ টি গাভী কে কৃত্রিম প্রজনন করা হয়েছে। বাবুগঞ্জ উপজেলার দেহেরগতি ইউনিয়নে " ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কেন্দ্র" কার্যক্রম চলমান আছে এবং বিভিন্ন সেবা কার্যক্রম চলছে। এলডিডিপি প্রকল্পের আওতায় মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে সেবা প্রদান অব্যাহত আছে। ভেটেরিনারী হাসপাতাল চত্বরে উন্নত জাতের নেপিয়ার পাকচং-০১ | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সরকারের যে কোন প্রনদনা ইউনিয়নের জনসংখ্যা অনুযায়ী বন্টনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |

| | | | |
|---|---|---|---|
| | ঘাসের দুইটি প্লট আছে। খামারীদের ঘাসের কাটিং সরবরাহ করা হয়। জাহাঙ্গীরনগর ইউনিয়নের আগরপুর প্রাণি চিকিৎসা উপকেন্দ্র ও কৃত্রিম প্রজনন পয়েন্ট থাকায় উক্ত ইউনিয়নের সেবা কার্যক্রম সেখান থেকেই প্রদান করা হয়। | | |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে,<br>(ক) দেশীয় প্রজাতির মাছ ও শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন খালে, নদীতে অবৈধ জাল ও গড়া নির্মূলে অভিযান চলমান আছে।<br>(খ) বিভিন্ন খালে, নদীতে বিষ প্রয়োগের ক্ষতিকর প্রভাব বিষয়ে সচেতনতা সভা চলমান আছে।<br>(গ) মোবাইল কোর্ট/অভিযান চলমান।<br>(ঙ) মৎস্য চাষীদের পরামর্শ প্রদান।<br>(চ) মা ইলিশ সংরক্ষণ অভিযান, ২০২২ চলমান। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল। |
| শিক্ষা বিভাগ | জনাব দিলদার নাহার, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি পালন করে সকল বিদ্যালয়ের সুষ্ঠু ও সুন্দরভাবে কার্যক্রম চলছে। এছাড়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/সহকারী শিক্ষকদের অক্টোবর/২২ মাসের নিয়মিত বেতন ভাতাদি যথাযথভাবে প্রদান করা হয়েছে। | তার দপ্তরের কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| সমাজসেবা বিভাগ | জনাব মোঃ মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভাকে অবহিত করেন যে,<br>(ক) প্রতিবন্ধী ভাতা কার্যক্রমের ২০২২-২৩ অর্থ বছরের অতিরিক্ত কোটার উপকারভোগী নির্বাচন সংক্রান্ত।<br>(খ) মৃত ভাতাভোগীদের স্থলে প্রতিস্থাপন সংক্রান্ত কার্যক্রম চলছে।<br>(গ) স্বেচ্ছাসেবী সংস্থার অনুদান সংক্রান্ত। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য তাকে পরামর্শ দেয়া হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |
| পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ভারপ্রাপ্ত) বাবুগঞ্জ, বরিশাল জনাব মোঃ সালাম শিকদার সভায় বলেন যে, পরিসংখ্যান বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। তিনি আরো বলেন যে,<br>(ক) মাসিক কৃষি মজুরী হার জরিপ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পাদন হয়েছে।<br>(খ) কৃষি পরিসংখ্যান প্রস্তুতের জন্য স্থায়ী ও অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্ন করার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, সমবায় দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২০-২০২১ অর্থ বছরের বিভাগীয় সমবায় সমিতির নিরীক্ষা কার্যক্রম চলছে। ২০১৯-২০২০ অর্থ বছরের ধার্য্যকৃত সমবায় উন্নয়ন তহবিল, নিরীক্ষা ফি, নিরীক্ষা ফি এর উপর ভ্যাট ১০০% আদায় হয়েছে। | (ক) ঋণ খেলাপিদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল। |

CamScanner

**প্রশিক্ষণ :** বিগত ২০২০-২০২১ অর্থ বছরে অত্র উপজেলার সর্বমোট ১৫০ জন সমবায়ীদের ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরেও অনুরুপ ১০০ জন সমবায়ীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিগত ২৯/০৯/২০২১ তারিখ হতে উক্ত প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে।

**আশ্রয়ণ প্রকল্প :** অত্র উপজেলার দুটি আশ্রয়ণ বহুমূখী সমবায় সমিতি রয়েছে। উক্ত সমিতিতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে। তবে করোনাকালীন সময়ে আশানুরুপ ঋণ আদায় করা যায়নি। গোয়ালদী-মুতরিয়া আশ্রয়ণ সমবায় সমিতিতে এ পর্যন্ত ৭,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। যার মধ্যে ৫,০০৫১৪/- টাকা আদায় করা হয়েছে। কিসমতঠাকুর মল্লিক আশ্রয়ণ বহুমূখী সমিতেতে এ পর্যন্ত ১৫,৮৮,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এর আদায় হয়েছে ১৩,২৬,১৮৩/- টাকা।

**দুগ্ধ প্রকল্প :** শতভাগ সরকারি অর্থায়ণে চাঁদপাশা ইউনিয়ান প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতিতে প্রথম পর্যায়ে ২০১৪ এবং ২০১৫ সালে ৩৩,১০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২৯,৭৫,৬০০/- আদায় হয়েছে এবং ৩,৩৪,৪০০/- বকেয়া রয়েছে। বকেয়া ঋণের মধ্যে ২,৭৪,৪৬০/- টাকা খেলাপী আছে। খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে তাগাদাসহ বারবার নোটিশ প্রদান করা হয়েছে। খেলাপী ঋণ গ্রহিতা ০৫ জন। খেলাপী ঋণ আদায়ের নিমিত্ত উল্লিখিত ঋণ গ্রহিতাদের বিরুদ্ধে প্রশাসনিক ভাবে চাপ প্রয়োগসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে। খেলাপী ঋণের মধ্যে কয়েকজন সরকারি চাকুরীজীবি রয়েছে। তাদের কাছ থেকে ঋণ আদায়ের জন্য উপজেলার স্ব- স্ব বিভাগ হতে ব্যবস্থা গ্রহণ করার জন্য পদক্ষেপ নেয়া যেতে পারে।

এছাড়া বিগত ১৫/০২/২০২২ খ্রিস্টাব্দ তারিখে ৮৭ জন সদস্যদের মধ্যে প্রত্যেককে ১,০০,০০০/- টাকা করে ৮৭,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে।

উপজেলা সমবায় কার্যালয়টি উপজেলা পরিষদের সম্প্রসারিত নতুন ৪র্থ তলা ভবনের ৪র্থ তলায় পশ্চিম- দক্ষিণ পাশের দুটি কক্ষ নিয়ে কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত নতুন ভবনে পুরাতন ভবন হতে বিগত ০৯ মাস পূর্বে সমবায় কার্যালয়টি স্থানান্তরিত হয়। ভবনটি নতুন হওয়া সত্ত্বেও উপজেলা সমবায় অফিসারের কক্ষের একটি অংশের ছাদের উপর দিয়ে বৃষ্টির পানি চুয়ে চুয়ে পরে। ছাদের ক্ষতিগ্রস্থ অংশটি যদি এ মুহূর্তে সংস্কার করা না হয় তাহলে আগামী ২/৩ মাসের মধ্যেই উক্ত কক্ষটি ব্যবহারের অনুপযোগী হয়ে পরবে। এছাড়া কর্মচারীদের কক্ষের একটি জানালার কাঁচ পুরোপুরি ভেঙ্গে গেছে যার কারণে বৃষ্টি ও বাতাস হলে প্রচুর পরিমানে পানি ও ধুলো ময়লা কক্ষে ঢোকে। তাই জানালাটি দ্রুত সংস্কার করা প্রয়োজন। ইতোপূর্বে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা

CamScanner

<table>
<tr><td></td><td>প্রকৌশলী মহোদয় ক্ষতিগ্রস্থ অংশ অবলোকন করেছেন এবং সংস্কার করবেন মর্মে অবহিত করেছেন। কিন্তু অদ্য পর্যন্ত সংস্কার হয়নি। তিনি এ ব্যাপারে অদ্য সভার কার্যবিররণীতে বিষয়টি লিপিবদ্ধ করে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</td><td></td><td></td></tr>
<tr><td>মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে,<br>(ক) জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১ বিস্তারণ বিষয়ক প্রশিক্ষণ কোর্সের শিক্ষকদের আবেদন কার্যক্রম চলমান আছে।<br>(খ) আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসি) ভবন স্থাপনের কার্যক্রম চলমান ।<br>(গ) ইউনিক আইডির কার্যক্রম চলমান।<br>(ঘ) মানষিক ও স্বাস্থ্য সুরক্ষা এবং মুক্তপাঠ অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>(ঙ) নভেম্বর/২০২২ মাসের এমপিও কার্যক্রম চলমান।</td><td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল</td></tr>
<tr><td>পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। কোভিড-১৯ এর শিশুদের টিকাদান কর্মসূচী চলমান আছে। অক্টোবর,২০২২ মাসের কার্যক্রম নিম্নরুপ-<br>১। ০৯/১১/২০২২ খ্রি. তারিখ বৃহস্পতিবার রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প।<br>২। ১৬/১১/২০২২ খ্রি. তারিখ রবিবার রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প।<br>৩। ২৩/১১/২০২২ খ্রি. তারিখ বুধবার জাহাঙ্গীরনগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ও স্থায়ী পদ্ধতি ক্যাম্প।<br>উপরোল্লিখিত ক্যাম্পের সার্বিক সফলতার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>অক্টোবর/২০২২ খ্রিস্টাব্দ মাসের স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতির অগ্রগতি নিম্নরুপঃ-<br>স্থায়ী পদ্ধতির- ০৪, আইউডি- ১৯ জন, ইমপ্লান্ট- ৩৬ জন। মোট সক্ষম দম্পত্তি ২৬,৯০৫ জন, গ্রহণকারী- ২০৮০৪ জন, সিএআর- ৭৭.৩২%।<br>তিনি সভাকে আরো অবহিত করেন যে, এ সভার সদস্যগণ উপজেলার যেকোন দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানে পরিদর্শনে গেলে পরিবার পরিকল্পনা বিভাগের ক্লিনিকে যাওয়ার অনুরোধ করেন এবং মাঠ কর্মীগণ মাঠ পর্যায়ে সঠিকভাবে কাজ করেন কিনা তা পর্যবেক্ষণ করার অনুরোধ করেন।</td><td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল</td></tr>
<tr><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদন করা হচ্ছে। তিনি আরো বলেন যে, উপজেলা পল্লী উন্নয়ন নভেম্বর/২০২২ মাসের কার্যক্রম নিম্নরুপ ঃ<table><tr><td>ক্রঃ নঃ</td><td>প্রকল্পের নাম</td><td>শেয়ার</td><td>সঞ্চয়</td><td>বিতরণ</td><td>আদায়</td></tr><tr><td>০১</td><td>মহিলা উন্নয়ন অনুবিভাগ</td><td>.০২</td><td>.৩০</td><td>৮.৮৫</td><td>১০.৬৩</td></tr></table></td><td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রমপরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল</td></tr>
</table>

CS CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০২ | আবর্তক | ০ | .০৩ | ৮.৮১ | ৩.৬৮ |
| ০৩ | সদাবিক | ০ | .১০ | ০ | .৪০ |
| ০৪ | পল্লী প্রগতি | -- | ০ | ০ | .১৪ |
| ০৫ | মুক্তিযোদ্ধা | ০ | ০ | ০ | .০১ |
| ০৬ | ইরেসপো | ০ | .৫০ | ১১.৫০ | ১০.১৩ |
| ০৭ | অপ্রধান শস্য | ০ | .০২ | ১.৪০ | ২.২০ |
| ০৮ | আদর্শ গ্রাম-২ | ০ | .১০ | ০ | ০ |
| | সর্বমোট | .০২ | ১.০৩ | ৩০.৫৬ | ২৭.১৯ |

| | | | |
|---|---|---|---|
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে,<br>**প্রশিক্ষণ ঃ** ২০২২-২৩ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের(লক্ষ্যমাত্রা অনুযায়ী) ০১ টি ব্যাচ সম্পন্ন হয়েছে।<br>**ঋণ ঃ** ২০২২-২৩ অর্থ বছরে- ৬,১০,০০০/-( ছয় লক্ষ দশ হাজার) যুব ঋণ বিতরণ করা হয়েছে।<br>**ওয়েব পোর্টাল ঃ** এ কার্যালয়ের ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | জনাব শামীমা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলছে। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের (ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং ট্রেড) চলমান। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ নিরোধ এবং মানব পাচার প্রতিরোধ বিষয়ক উঠান বৈঠক হয়েছে । ভিজিডি এর নাম পরিবর্তন করে ভিডব্লিউবি করা হয়েছে এবং নতুন ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি (পূর্বের ভিজিডি) আবেদন চলমান। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাবুগঞ্জ, বরিশাল |
| দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৪০ দিনের কর্মসূচী চলমান আছে। তিনি আরো জানান যে, সকল ইউনিয়ন পরিষদ হতে ইতোপূর্বে গার্ডার ব্রীজের প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত ছিল। কিন্তু এখন পর্যন্ত এ প্রস্তাব পাওয়া যায়নি। তাই তিনি অতিসত্বর এ প্রস্তাব প্রেরণ করার অনুরোধ জানান। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। উপকারভোগীদের তালিকা যথাসময়ে এবং গার্ডার ব্রীজের প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাবুগঞ্জ বরিশাল। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, বাবুগঞ্জ সভাকে অবহিত করেন যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । ২০২১-২০২২ অর্থ বছরের সুপেয় পানি সরবরাহের সকল কার্যক্রম গত মাসিক সভায় অবহিত করা হয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় এ উপজেলায় ২০২২-২৩ অর্থ বছরে প্রতি ইউনিয়নে ২৬ টি করে গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। যাহার | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাবুগঞ্জ, বরিশাল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ৫০% স্থানীয় মাননীয় সংসদ সদস্য এবং বাকি ৫০% ইউনিয়ন WATSAN কমিটি কর্তৃক প্রদত্ত সাইড উপজেলা WATSAN কমিটি কর্তৃক অনুমোদন করতে হবে। | | |
| বন বিভাগ | জনাব মোঃ মোজাম্মেল হক, ফরেস্টার, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থ বছরে কোন কার্যক্রম আসেনি। নতুন কার্যক্রম অথবা বরাদ্দ পেলে আগামী মাসিক সভায় উপস্থাপন করা হবে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | (ক) উপজেলা বন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| জাতীয় মহিলা সংস্থা | উপজেলা সংগঠক, জাতীয় মহিলা সংস্থা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তাদের দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি বলেন যে, তাদের সংস্থায় ৪ মাসব্যাপী দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষনার্থীর আসন সংখ্যা-৩০ জন। ২০২২-২০২৩ অর্থ বছরের প্রথম ব্যাচে ৩০ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম ৩১/১০/২০২২ খ্রি. তারিখ সমাপ্ত হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় ব্যাচে ৩০ জন প্রশিক্ষনার্থী ২৭/১০/২২ খ্রি. তারিখ হতে ভর্তি করা হয়েছে। প্রশিক্ষণার্থীদের দৈনিক উপস্থিতি ভাতা- ১০০/- টাকা প্রদান করা হয়। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম চলমান। ঋণ গ্রহীতার সংখ্যা ৫৭০ জন। খেলাপী ঋণ আদায় কার্যক্রম চলমান।<br>তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, অক্টোবর/২০২২ মাসে ডোর টু ডোর তথ্য কেন্দ্র সেবা গ্রহিতার সংখ্যা- ৩৫০ জন এবং তথ্য কেন্দ্র সেবা গ্রহিতার সংখ্যা- ২০০ । এ মাসে উঠান বৈঠক হয়েছে- ০৪ টি। | প্রশিক্ষনের জন্য উপজেলা পরিষদের পুরাতন হল রুম বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার বাবুগঞ্জ, বরিশাল |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে,<br>ইতিপূর্বে এ উপজেলার সকল দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের ওয়েব পোর্টাল এর উপর প্রশিক্ষণ দেয়া হয়েছে। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলার সকল দপ্তর তাদের ওয়েব পোর্টাল হাল নাগাদ করবেন। ইহা সত্ত্বেও এখন পর্যন্ত অনেক দপ্তর তাদের ওয়েব পোর্টাল হাল নাগাদ করেননি। ইহা দুঃখজনক। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | উপজেলার যে সকল দপ্তর এখন পর্যন্ত ওয়েব পোর্টাল হালনাগাদ করেননি সে সকল দপ্তর অতিসত্বর তাদের দপ্তরের ওয়েব পোর্টাল হাল নাগাদ করবেন। | উপজেলার সকল দপ্তর প্রধান, বাবুগঞ্জ, বরিশাল |
| পল্লী সঞ্চয় ব্যাংক | জনাব সমীর চন্দ্র হাওলাদার, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে, এ উপজেলায় তার আওতায় সমিতির সংখ্যা ১৪৩ টি,সদস্য সংখ্যা ৬৪৮০ জন, মোট সঞ্চয় জমা- ৩০৩.১০ টাকা, মোট কল্যাণ অনুদান ২৩০.৫৮ টাকা, মোট ঘূর্ণায়মান ঋণ তহবিল ৩৯৩.৯৩ টাকা, সম্পদের টাকা আদায় ৬.২৯২ টাকা, সর্বমোট তহবিল ১২০৩.৬৫ টাকা, মোট প্রকল্প সংখ্যা ১১০৮৭ টি, মোট ঋণ বিতরণ ২৭০৫.২১ টাকা, মোট ঋণ আদায় ২০৫৯.২০ টাকা ও ঋণ স্থিতি ৮৮০.৩৯ টাকা। অক্টোবর, ২০২২ মাসে ঋণ | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,বাবুগঞ্জ, বরিশাল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | বিতরণ ৬৯.৪১ টাকা, ঋণ আদায় ৬৪.৫০ ও সঞ্চয় আদায় মাসে ৫.০০ টাকা। ঋণের টাকা আদায় কার্যক্রম আরো জোরদার করতে হবে। | | |
| বিবিধ | (ক) উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবনের বিদ্যুতের মিটার একটি এবং এ মিটার দ্বারা এ ভবনের সমস্ত দপ্তরের বিদ্যুৎ সরবরাহ করা হয় এবং এর সমস্ত বিদ্যুৎ বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হয়। নিয়মানুযায়ী স্ব-স্ব দপ্তর তাদের বিদ্যুৎ বিল পরিশোধ করবেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) আগামী ০৩ দিনের মধ্যে এ ভবনের স্ব-স্ব দপ্তর জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-২, রহমতপুর এর সাথে আলোচনা করে তাদের নিজেদের দপ্তরের নামে মিটার স্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবনের দপ্তর প্রধানগণ। |
| | (খ) উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবনের জন্য নতুন কিছু ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় ও পূর্বের ব্যবহৃত কিছু ক্যামেরা মেরামত করা প্রয়োজন মর্মে জানান। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (খ) নতুন কিছু ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় ও পূর্বের ব্যবহৃত কিছু ক্যামেরা মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার বাবুগঞ্জ, বরিশাল |
| | (গ) উপজেলা পরিষদের অডিটরিয়াম ভবনের সিসি ক্যামেরা ছিড়ে ফেলে রাতের আধারে ভবনের মধ্যে ঢুকে অজ্ঞাত দুষ্কৃতিকারীরা ০৮ (আট) টি সিলিং ফ্যান চুরি করে নিয়ে গেছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (গ) এ বিষয়ে তদন্ত করে প্রকৃত দুষ্কৃতিকারীদের খুঁজে বের করে আইনগত ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইন-চার্জ, এয়ারপোর্ট থানা, বিএমপি, বরিশাল। |
| | গত ১৩/১০/২০২২ খ্রি. তারিখের সভার কার্যবিবরণীর প্রকৌশল বিভাগের 'চ" অনুচ্ছেদের সিদ্ধান্তে বরিশাল ক্যাডেট কলেজের আওতাধীন শিশু নিকেতন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল সংলগ্ন খালের ময়লা আবর্জনা উপজেলা পরিষদের অর্থায়নে পরিস্কারের ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত এর স্থলে বরিশাল ক্যাডেট কলেজের নিজস্ব ব্যবস্থাপনায় পরিস্কারের ব্যবস্থা গ্রহণের কথাটি পঠিত হবে। | | |
| | জনাব লুৎফুননেসা খানম, মাননীয় সংসদ সদস্য-৩৪৮ সভায় এ উপজেলায় তাঁর কর্তৃক প্রনয়নকৃত বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড তুলে ধরেন। তিনি উপজেলার সকল দপ্তরের কর্মকর্তাদের স্ব-স্ব দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে এগিয়ে নিয়ে বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ গড়ার লক্ষ্যে কাজ করার আহ্বান জানান। এ সময় উপজেলা পরিষদের সম্মানিত ভাইস চেয়ারম্যান কর্তৃক মাননীয় সংসদ সদস্যকে উদ্দেশ্যে করে অবমাননাকর বক্তব্য প্রদান ও অশোভন আচরণ করায় উপস্থিত সকলে অসম্মানিত বোধ করেন ও লজ্জিত হন। সভাপতি সর্বসম্মতিক্রমে ভাইস চেয়ারম্যান জনাব মোঃ ইকবাল আহম্মেদ এর এ বিষয়ক বক্তব্য এক্সপাঞ্জ করেন। | | |

এছাড়া মাননীয় সংসদ সদস্য জনাব লুৎফুননেসা খানম সভায় উপস্থিত থেকে এ উপজেলার উন্নয়ন কর্মকান্ডের নিমিত্ত দিক নির্দেশনামূলক বক্তব্য দেয়ায় তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

১০/১১/২০২২

(কাজী ইমদাদুল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাবুগঞ্জ, বরিশাল।

CS CamScanner

স্মারক নম্বর-০৫.১০.০৬০৩.০০১.০৬.০০১.২২-১০৯৮ (৫০)

তারিখ ঃ ২৫ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, ১২১, বরিশাল-০৩ ।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

৩। কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল ।

৪। জেলা প্রশাসক, বরিশাল ।

৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল ।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল ।

৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল ।

৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল ।

৯। উপজেলা ..................................................অফিসার, বাবুগঞ্জ, বরিশাল ।

১০। চেয়ারম্যান ..................................................ইউপি, বাবুগঞ্জ, বরিশাল ।

১১। জনাব.................................................................বাবুগঞ্জ, বরিশাল ।

১২। অফিস কপি ।

১০.১১.২২

(নুসরাত ফাতিমা)
উপজেলা নির্বাহী অফিসার
বাবুগঞ্জ, বরিশাল ।